



যান্ত্রিক ত্রুটির কারণে জকসু নির্বাচনের ভোট গণনা স্থগিত



সংগৃহীত ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জকসু) নির্বাচনে ভোট গণনা স্থগিত করা হয়েছে। ব্যবহার করা অপটিক্যাল মার্ক রিকগনিশন (ওএমআর) মেশিনে যান্ত্রিক ত্রুটি দেখা দেওয়ায় গণনা শুরু হওয়ার কিছুক্ষণের মধ্যে বন্ধ করতে হয়েছে।

নির্বাচন কমিশনার অধ্যাপক আনিসুর রহমান জানান, ভোট গণনা স্থগিত রেখে ভিপি ও জিএস প্রার্থীদের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের ভিসি এবং নির্বাচন কমিশনের একটি বৈঠক অনুষ্ঠিত হচ্ছে। বৈঠকের পর পরবর্তী সিদ্ধান্ত জানানো হবে।

আজ সকাল ৯টায় শুরু হওয়া ভোটাভূটি বিকেল ৩টায় শেষ হওয়ার কথা থাকলেও শেষ হয় ৪টার পর। লাইনে দাঁড়ানো শিক্ষার্থীরা শেষ পর্যন্ত ভোট দিতে পেরেছেন। ভোটগ্রহণ শেষে সব ব্যালট বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে আনা হয়। গণনা শুরু হয় সন্ধ্যা সাড়ে ৬টায়, তবে অল্প সময়ের মধ্যেই যান্ত্রিক ত্রুটির কারণে বন্ধ করতে হয়েছে।

নির্বাচনে কেন্দ্রীয় সংসদের ২১টি পদে ১৫৭ জন, একমাত্র ছাত্রী হলের সংসদের ১৩টি পদে ৩৩ জনসহ মোট ১৯০ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। মোট ভোটার সংখ্যা ১৬,৬৬৫ জন। ভিপি পদে ১২ জন, জিএস পদে ৯ জন এবং এজিএস পদে ৮ জন প্রার্থী লড়ছেন। চারটি প্যানেল ছাড়াও কিছু স্বতন্ত্র প্রার্থীও নির্বাচনে অংশ নিয়েছেন।

বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ২১ বছর পর প্রথমবারের মতো অনুষ্ঠিত এই নির্বাচনে কেন্দ্রীয় সংসদে প্রায় ৬৬ শতাংশ এবং হল সংসদে ৭৭ শতাংশ ভোট পড়েছে।